গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-১
www.rdcd.gov.bd

"বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন"

২৯ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ

স্মারক নং-৪৭.০০.০০০০.০৩১.১৬.০১০.২০-৪০৮ তারিখঃ ----------------------------

১২ এপ্রিল, ২০২০ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ** **করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধে সরকারি ছুটি সংক্রান্ত।**

সূত্রঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭.৭৮, তারিখঃ ১০/০৪/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধে সরকারি ছুটি সংক্রান্ত প্রজ্ঞাপনটি এতদসংগে প্রেরণ করা হলো। উক্ত প্রজ্ঞাপনের নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০১ (এক) পৃষ্ঠা।

১২.০৪.২০২০

(মোঃ মিজানুর রহমান)
উপসচিব
ফোনঃ +৮৮-০২-৯৫৭০৬৪৬
(e-mail: admin1.section@rdcd.gov.bd)

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

১. মহাপরিচালক, বিআরডিবি, ঢাকা।
২. নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক, আমার বাড়ি আমার খামার প্রকল্প, প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩, পশ্চিম অংশ), ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
৪. মহাপরিচালক, বার্ড, কুমিল্লা/আরডিএ,বগুড়া/বাপার্ড, গোপালগঞ্জ।
৫. ব্যবস্থাপনা পরিচালক/ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক, মিল্কভিটা/এসএফডিএফ/পিডিবিএফ।
৬. প্রকল্প পরিচালক, সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি-৩য় পর্যায়) প্রকল্প, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
৭. মহা-ব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ, ৯/ডি, মতিঝিল বা/এ, ঢাকা।
৮. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১০. সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (**ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ**)।
১১. হিসাব রক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১২. এ বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দ।
১৩. অফিস কপি।

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-৪ শাখা
www.mopa.gov.bd

নম্বর -০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-৭৮

তারিখ: ২৭ চৈত্র ১৪২৬
১০ এপ্রিল ২০২০

## প্রজ্ঞাপন

Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule I of The Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশে ৩৭ নম্বর ক্রমিকে প্রদত্ত ক্ষমতাবলে দেশব্যাপী করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯) মোকাবেলা এবং এর ব্যাপক বিস্তার রোধকল্পে অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪ মার্চ ২০২০ তারিখের ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-৭২ ; ০১ এপ্রিল ২০২০ তারিখের ০৫.০০. ০০০০.১৭৩.০৮.০১৪.০৭-৭৫ এবং ০৫ এপ্রিল ২০২০ তারিখের ০৫.০০. ০০০০.১৭৩.০৮.০১৪.০৭-৭৬ নং প্রজ্ঞাপনে ঘোষিত সাপ্তাহিক ছুটি ও সাধারণ ছুটির ধারাবাহিকতায় আগামী ১৫ ও ১৬ এপ্রিল এবং ১৯ হতে ২৩ এপ্রিল ২০২০ তারিখ পর্যন্ত সাধারণ ছুটি ঘোষণা করা হলো। সাধারণ ছুটির সাথে আগামী ১৭ ও ১৮ এপ্রিল এবং ২৪ ও ২৫ এপ্রিল ২০২০ তারিখের সাপ্তাহিক ছুটিও সংযুক্ত থাকবে।

০২। বর্ণিত ছুটি অন্যান্য সাধারণ ছুটির মতো বিবেচিত হবে না। ছুটিকালীন নিম্নে বর্ণিত নির্দেশাবলি কঠোরভাবে অনুসরণ করতে হবে:

(ক) করোনা ভাইরাসের সংক্রমণ প্রশমনে জনগণকে অবশ্যই ঘরে অবস্থান করতে হবে;
(খ) অতীব জরুরি প্রয়োজন ব্যতীত ঘরের বাইরে বের না হওয়ার জন্য সকলকে অনুরোধ করা হলো;
(গ) সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে সকাল ০৬:০০ ঘটিকা পর্যন্ত কেউ ঘরের বাইরে বের হতে পারবেন না। এ নির্দেশ অমান্য করলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
(ঘ) এক এলাকা হতে অন্য এলাকায় চলাচল কঠোরভাবে সীমিত করা হলো;
(ঙ)বিভাগ/জেলা/ উপজেলা/ ইউনিয়ন পর্যায়ে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীকে দায়িত্ব পালনের লক্ষ্যে নিজ নিজ কর্মস্থলে অবস্থান করতে হবে।

০৩। জরুরি পরিষেবার (বিদ্যুৎ, পানি, গ্যাস, ফায়ার সার্ভিস, পরিচ্ছন্নতা কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট ইত্যাদি) ক্ষেত্রে এ ব্যবস্থা প্রযোজ্য হবে না। কৃষি পণ্য, সার, কীটনাশক, জ্বালানী, খাদ্য, শিল্প পণ্য, চিকিৎসা সরঞ্জামাদি, জরুরি ও নিত্য প্রয়োজনীয় পণ্য পরিবহন এবং কাঁচা বাজার, খাবার, ঔষধের দোকান, হাসপাতাল ও গণমাধ্যম (ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া) এ ছুটির আওতাবহির্ভূত থাকবে। জরুরি প্রয়োজনে অফিসসমূহ খোলা রাখা যাবে। প্রয়োজনে ঔষধশিল্প, উৎপাদন ও রপ্তানিমুখী শিল্প কলকারখানা চালু রাখতে পারবে। বিরাজমান পরিস্থিতির উন্নতি হলে মানুষের জীবন জীবিকার স্বার্থে রিক্সা-ভ্যানসহ যানবাহন, রেল, বাস পর্যায়ক্রমে চালু করা হবে।

০৪। জনগণের প্রয়োজন বিবেচনায় ছুটিকালীন বাংলাদেশ ব্যাংক সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

১০/০৪/২০২০

(কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম)
উপসচিব (বিধি-৪ শাখা)
ফোন: ০২-৯৫১৪৪৯২
ই-মেইল: reg4@mopa.gov.bd

নম্বর -০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-৭৮(১০০০)

তারিখ: ২৭ চৈত্র ১৪২৬
১০ এপ্রিল২০২০

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১।মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২।প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৪।সিনিয়র সচিব/সচিব,------------------------------------- মন্ত্রণালয়/বিভাগ (সকল)।

চলমান পাতা-২

৫। পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
৬। পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৭। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা (প্রচার মাধ্যমে সম্প্রচারের অনুরোধসহ)।
৮। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৯। অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয় (সকল)।
১১। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
১৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৪। সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা(বাংলাদেশ গেজেটে প্রকাশেরঅনুরোধসহ)।
১৬। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল)।
১৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রজ্ঞাপনটি প্রদানের অনুরোধসহ)।